০৭

# প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৫

সেট : ০৪
তারিখ : ১৬.১০.২০১৫

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

**যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল**

পটুয়াখালী, খুলনা, জামালপুর, কুষ্টিয়া, ঝিনাইদহ, গোপালগঞ্জ, সুনামগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, নোয়াখালী, নেত্রকোনা, চাঁদপুর, ফরিদপুর, নাটোর, সাতক্ষীরা, নরসিংদী,ব্রাহ্মণবাড়িয়া, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, ঠাকুরগাঁও, নীলফামারী, লালমনিরহাট।

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

**০১. 'বিকৃত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর–**
ক. বিকার + ইত খ. বি + কৃত
গ. বি + √কৃ + ত ঘ. বিকৃ + ইত
উত্তর গ

**০২. বাকু কোন দেশের রাজধানী?**
ক. লাটভিয়া খ. রাশিয়া
গ. আজারবাইজান ঘ. উজবেকিস্তান
উত্তর গ ব্যাখ্যা

| দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
|---|---|---|---|
| আজারবাইজান | বাকু | লাটভিয়া | রিগা |
| উজবেকিস্তান | তাসখন্দ | রাশিয়া | মস্কো |

**০৩. সম্প্রতি কোন দিনটিকে 'মুক্তিযোদ্ধা দিবস' ঘোষণা করা হয়েছে?**
ক. ১ ডিসেম্বর খ. ৭ মার্চ
গ. ২৬ মার্চ ঘ. ২৪ নভেম্বর
উত্তর ক ব্যাখ্যা গত প্রায় এক দশক ধরে বিভিন্ন মুক্তিযোদ্ধা সংগঠন ১ ডিসেম্বরকে মুক্তিযোদ্ধা দিবস হিসেবে পালন করে আসছে। তবে সম্প্রতি সরকারিভাবে ১ ডিসেম্বর 'মুক্তিযোদ্ধা দিবস' ঘোষণা করা হয়েছে।

**০৪. নওগাঁ জেলার পাহাড়পুরে অবস্থিত 'সোমপুর বিহারের' প্রতিষ্ঠাতা কে?**
ক. রাজা ধর্মপাল খ. লক্ষণ সেন
গ. রাজা ধর্মসেন ঘ. রাজা বিক্রমাদিত্য
উত্তর ক ব্যাখ্যা পাহাড়পুর বৌদ্ধ বিহার বা সোমপুর বিহার নওগাঁ জেলার বদলগাছি উপজেলায় অবস্থিত। এটি নির্মিত হয় অষ্টম বা নবম শতকে। নির্মাতা ছিলেন পাল বংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপাল দেব।

**০৫. Choose the correct passive voice : His behaviour worried us.**
ক. We are worried with his behaviour
খ. We have been worried with his behaviour
গ. We were worried about his behaviour
ঘ. We were worried by his behaviour
উত্তর ঘ ব্যাখ্যা এক্ষেত্রে Passive - এর নিয়ম-Sub + Aux. Verb + মূল verb -এর P.Participle + by + obj।

**০৬. কোন সংখ্যার বর্গমূলের সাথে ২০ যোগ করলে ৫-এর বর্গ হবে?**
ক. ২৫ খ. ১৬
গ. ৩৬ ঘ. ৪৯
উত্তর ক ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $\sqrt{x}$ + ২০ = ৫$^2$ ⇒ $\sqrt{x}$ = ২৫- ২০ = ৫
⇒ $(\sqrt{x})^2$ = (৫)$^2$ ⇒ x = ২৫ [উভয়পক্ষে বর্গ করে]

**০৭. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?**
ক. বাক্য প্রকরণ খ. রূপতত্ত্ব
গ. ধ্বনিতত্ত্ব ঘ. পদক্রম
উত্তর গ ব্যাখ্যা ধ্বনির উচ্চারণ প্রণালি, উচ্চারণের স্থান, বর্ণের বিন্যাস, ধ্বনির পরিবর্তন, ণ-ত্ব ও ষ-ত্ব- বিধান, সন্ধি প্রভৃতি ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়।

**০৮. CFC কি ক্ষতি করে?**
ক. রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা হ্রাস করে
খ. বায়ুর তাপ কমিয়ে দেয়
গ. এসিড বৃষ্টিপাত ঘটায়
ঘ. ওজোন স্তর ধ্বংস করে
উত্তর ঘ ব্যাখ্যা CFC হলো ক্লোরো ফ্লোরো কার্বন যার ট্রেড নাম ফ্রিয়ন। এয়ার কন্ডিশনার, অগ্নি নির্বাপক যন্ত্র, কম্পিউটার ও অন্যান্য যন্ত্রের সার্কিটে ব্যবহৃত হয়। CFC বায়ুমণ্ডলের ওজোন স্তরে পৌঁছে ওজোনের সাথে বিক্রিয়া করে তাকে অক্সিজেনে পরিণত করে। অক্সিজেনে পরিণত হওয়ায় ওজোন স্তর হালকা হয়ে ফুটো হয়ে যায়। ফলে মহাজাগতিক রশ্মি, অতি বেগুনি রশ্মি ও অন্যান্য ক্ষতিকর রোগজীবাণু পৃথিবীতে চলে আসে এবং জীব জগতের ক্ষতি সাধন করে।

**০৯. কোনটি খাঁটি বাংলা উপসর্গ?**
ক. আভাস খ. অজানা
গ. গরমিল ঘ. বেমালুম
উত্তর খ ব্যাখ্যা বাংলা ভাষায় তিন প্রকার উপসর্গ আছে যথা: বাংলা, তৎসম (সংস্কৃত) এবং বিদেশি উপসর্গ। খাঁটি বাংলা উপসর্গ মোট একুশটি। যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা। জানা শব্দের পূর্বে 'অ' উপসর্গ যুক্ত হয়ে 'অজানা' (অভাব অর্থে) শব্দ সৃষ্টি হয়েছে।

**১০. বার্ষিক শতকরা ১০ টাকা হার সুদে কোন মূলধন কত বছর পরে সুদাসলে দ্বিগুণ হবে?**
ক. ৯ বছর খ. ১১ বছর
গ. ১২ বছর ঘ. ১০ বছর
উত্তর ঘ ব্যাখ্যা মনে করি, আসল ১০০ টাকা
∴সুদাসল ২০০ টাকা
∴সুদ = (২০০ - ১০০) = ১০০ টাকা
সময় = $\frac{\text{সুদ} \times ১০০}{\text{আসল} \times \text{হার}} = \frac{১০০ \times ১০০}{১০০ \times ১০}$ = ১০ বছর

**১১. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৬ এবং তাদের গ. সা. গু ৪ হলে সংখ্যা দুটির ল. সা. গু কত?**
ক. ১৩০ খ. ১৫০
গ. ১১০ ঘ. কোনোটিই নয়
উত্তর ঘ ব্যাখ্যা মনে করি,
সংখ্যা দুটি যথাক্রমে ৫x ও ৬x
সংখ্যা দুটির গ.সা.গু.= x
∴" " ল.সা.গু. = (৫ × ৬)x
৩০x
৩০ × ৪
= ১২০
x = ৪

**১২. একটি ফুটবলের ব্যাস ১০ ইঞ্চি হলে ফুটবলের আয়তন কত?**

ক. ৩১.৪১৬ বর্গ ইঞ্চি খ. ৭৮.৫৪ ইঞ্চি
গ. ৩১৪.১৬ ঘন ইঞ্চি ঘ. ৫২৩.৬০ ঘন ইঞ্চি

উত্তর ঘ ব্যাখ্যা ব্যাস = ১০ ইঞ্চি

$\therefore$ ব্যাসার্ধ, $r = \frac{১০}{২} = ৫$ ইঞ্চি

$\therefore$ ফুটবলের আয়তন $= \frac{৪}{৩} \times \pi r^৩ = \frac{৪}{৩} \times \pi \times (৫)^৩$

$= \frac{৪}{৩} \times \frac{২২}{৭} \times ১২৫ = ৫২৩.৬০$ ঘন ইঞ্চি

**১৩. ASCII-এর পূর্ণনাম–**

ক. American Stable Code for Institutional Interchange
খ. American Standard Case for Institutional Interchange
গ. American Standard Code for Institutional Interchange
ঘ. American Standard Code for Interchange Institutional

উত্তর গ ব্যাখ্যা ASCII এর পূর্ণ রূপ American Standard Code for Information Interchange, যা ৭ বিট আলফা নিউমেরিক কোড হিসেবে ১৯৬০ সালে চালু হয়। এ কোড দ্বারা ১২৮ টি অংক, অক্ষর এবং চিহ্ন প্রকাশ করা যায়।

**১৪. 'সূর্য'-এর সমার্থক প্রতিশব্দ–**

ক. হিরণ খ. দ্যুলোক
গ. মিহির ঘ. ধরিত্রী

উত্তর গ ব্যাখ্যা 'সূর্য' শব্দের সমার্থক প্রতিশব্দ: মিহির, রবি, ভানু, ভাস্কর, তপন, দিননাথ, আদিত্য, আফতাব, বিভাকর প্রভৃতি। 'দ্যুলোক' শব্দের সমার্থক শব্দ : স্বর্গ, স্বর্গলোক, অমরাবতী। 'হিরণ' এর সমার্থক শব্দ: স্বর্ণ, সোনা, সুবর্ণ, হেম। 'ধরিত্রী' শব্দের সমার্থক শব্দ: ধরণী, অবনি, ক্ষিতি, বসুধা, বসুন্ধরা, বসুমতী, ভুবন, পৃথ্বী, ধরা প্রভৃতি।

**১৫. জাতীয় 'ই-তথ্যকোষ' উদ্বোধন করা হয় কবে?**

ক. ২৭ ফেব্রুয়ারি ২০১১ খ. ২১ ফেব্রুয়ারি ২০১১
গ. ১৬ ডিসেম্বর ২০১১ ঘ. ১০ জানুয়ারি ২০১০

উত্তর ক ব্যাখ্যা ২৭ ফেব্রুয়ারি ২০১১ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার নিজ কার্যালয়ে জাতীয় ই- তথ্য কোষের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। জাতীয় ই -তথ্য কোষ হচ্ছে বাংলা ভাষার সর্বপ্রথম জীবন ও জীবিকা ভিত্তিক তথ্য ভান্ডার। UNDP এর অর্থায়নে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (a2i) প্রকল্পের আওতায় ই- তথ্যকোষের ওয়েবসাইটটি তৈরি করা হয়েছে।

**১৬. ৪, ৬, ৭ এবং x এর গড় ৫.৫ হলে x-এর মান কত?**

ক. ৫.০ খ. ৭.৫
গ. ৬.৮ ঘ. ৬.৫

উত্তর ক ব্যাখ্যা গড় $= \frac{\text{রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$

$৫.৫ = \frac{৪+৬+৭+x}{৪}$

$\Rightarrow ১৭+x = ২২ \Rightarrow x = ২২ - ১৭ = ৫$

**১৭. গম্ভীরা গানের উৎপত্তি কোথায়?**

ক. মালদহ খ. চাপাইনবাবগঞ্জ
গ. দিনাজপুর ঘ. রংপুর

উত্তর ক ব্যাখ্যা বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ জেলা ও পশ্চিমবঙ্গের মালদহ অঞ্চলে গম্ভীরার প্রচলন রয়েছে। গম্ভীরা দলবদ্ধ ভাবে গাওয়া হয়। গম্ভীরা গানের উৎপত্তি পশ্চিমবঙ্গের মালদহ জেলায় হিন্দুসমাজে।

**১৮. আয়তন অনুসারে এশিয়ার সবচেয়ে ছোট দেশ কোনটি?**

ক. মালদ্বীপ খ. ভুটান
গ. মঙ্গোলিয়া ঘ. ওমান

উত্তর ক ব্যাখ্যা আয়তনে ও জনসংখ্যায় এশিয়া মহাদেশের সবচেয়ে ছোট দেশ মালদ্বীপ। ১১৯০ টি দ্বীপের সমষ্টি মালদ্বীপের মোট আয়তন ২৯৮ বর্গ কিলোমিটার এবং লোকসংখ্যা ৪ লক্ষ। মালদ্বীপের রাজধানী মালে, ভাষা দিভেহী এবং মুদ্রা রুপিয়া।

**১৯. The verb 'succumb' means-**

ক. win খ. conquer
গ. achieve ঘ. submit

উত্তর ঘ ব্যাখ্যা Succumb অর্থ বশীভূত হওয়া।

**২০. অতিভুজের বিপরীত থাকে–**

ক. সরলকোণ খ. সমকোণ
গ. সূক্ষ্মকোণ ঘ. স্থূলকোণ উত্তর খ

**২১. Lunar eclipse occurs on–**

ক. A moonless day খ. A new moon day
গ. A full moon day ঘ. A half moon day

উত্তর গ ব্যাখ্যা চন্দ্র গ্রহণ ঘটে full moon day- তে।

**২২. ৯ জন শ্রমিক ৭২০ টাকা আয় করে ৪ দিনে, ১২ জন শ্রমিক ঐ পরিমাণ টাকা আয় করবে কতদিনে?**

ক. ৪ দিন খ. ৬ দিন
গ. ৫ দিন ঘ. ৩ দিন

উত্তর ঘ ব্যাখ্যা

৯ জন শ্রমিক আয় করে ৪ দিনে

১ " " " " $= ৯ \times ৪$ "

১২ " " " " $= \frac{৯ \times ৪}{১২} = ৩$ দিন

**২৩. কোন বাক্যটি শুদ্ধ?**

ক. তাহার জীবন সংশয়পূর্ণ খ. তাহার জীবন সংশয়ময়
গ. তাহার জীবন সংশয়ভরা ঘ. তাহার জীবন সংশয় পূর্ণ

উত্তর ঘ ব্যাখ্যা সংশয় শব্দটির বিশেষণ সংশয়াপূর্ণ, যার অর্থ সন্দেহপূর্ণ। উক্ত বাক্য দ্বারা গভীর অনিশ্চয়তাকে বোঝানো হচ্ছে।

**২৪. $\frac{a}{b} = 4$, $a + 2b = 12$ হলে a এর মান কত?**

ক. 8 খ. 12
গ. 16 ঘ. 4

উত্তর ক ব্যাখ্যা $\frac{a}{b} = 4$

$\Rightarrow a = 4b \Rightarrow a - 4b = 0 \ldots (i)$

এখন,

$a + 2b = 12$

$a - 4b = 0$

$6b = 12$ [বিয়োগ করে]

$b = \frac{12}{6} = 2$

$\therefore$ b এর মান বসিয়ে পাই,

$a = 4 \times 2 = 8$

**২৫. 'পঞ্চম স্বর'-এর অর্থ কী?**

ক. কোকিলের সুরলহরী খ. পল্লব
গ. পায়ের পাতা ঘ. দেবতার আরাধনা উত্তর ক

**২৬. Fill in the blanks : I cannot stop ..... Meanness.**

ক. of খ. with
গ. to ঘ. for

উত্তর ঘ ব্যাখ্যা 'কোনো কিছুর জন্য থামা' বোঝাতে stop for (something)।

**২৭. 'ব্যর্থ' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো–**

ক. বি + অর্থ খ. ব্যা + অর্থ
গ. বি + আর্থ ঘ. ব্য + অর্থ

উত্তর: ক

**২৮. $x^3 - 1, x^3 + 1, x^4 + x^2 + 1$ -এর ল. সা. গু কত?**

ক. (x – 4) খ. (x – 5)
গ. (x – 2) ঘ. (x – 3)

উত্তর: = ব্যাখ্যা: $x^3 - 1 = (x-1)(x^2+x+1)$

$x^3+1 = (x+1)(x^2-x+1)$

$x^4+x^2+1 = (x^2)^2+2.x^2.1+1^2 - x^2$

$=(x^2+1)^2 - x^2$

$=(x^2+1-x)(x^2+1+x)$

$=(x^2-x+1)(x^2+x+1)$

∴ল.সা.গু. $= (x-1)(x^2+x+1)(x+1)(x^2-x+1)$

$= (x^3-1)(x^3+1)$

$=x^6+x^3-x^3-1$

$=x^6-1$

**২৯. ২, ৭, ৫, ৪, ৬ ও ১০ সংখ্যাগুলোর প্রচুরক নিচের কোনটি?**

ক. ৪ খ. প্রচুরক নেই
গ. ৫, ৬৭ ঘ. ৫, ৫০

উত্তর: খ

**৩০. শেষ মোগল সম্রাট বাহাদুর শাহের কবর কোথায়?**

ক. দিল্লি খ. আগ্রা
গ. ইয়াঙ্গুন ঘ. লাহোর

উত্তর: গ ব্যাখ্যা: শেষ মুঘল সম্রাট ছিলেন দ্বিতীয় বাহাদুর শাহ। সিপাহী বিদ্রোহের পর ১৮৫৮ সালে ইংরেজ সরকার তাকে মিয়ানমারের ইয়াঙ্গুনে নির্বাসনে পাঠায়। ১৮৬২ সালে ইয়াঙ্গুনে দ্বিতীয় বাহাদুর শাহ মৃত্যুবরণ করলে তাকে সেখানেই সমাহিত করা হয়।

**৩১. The appropriate meaning of the word Deversity (Diversity) is ....**

ক. Uniformity খ. Security
গ. Unity ঘ. Variety

উত্তর: ঘ ব্যাখ্যা: Diversity (ভিন্নতা) এর অর্থ variety।

**৩২. A beggar must not be a chooser-এ বাক্যের যথার্থ অনুবাদ–**

ক. ভিক্ষার চাল মোটা আর সরু
খ. ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া
গ. ভিক্ষার চাল মোটা
ঘ. ভিক্ষার চাল সরু

উত্তর: খ ব্যাখ্যা: এটি একটি প্রবাদ বাক্য।

**৩৩. LAN কার্ডের অপর নাম কি?**

ক. Network Interface Card খ. Internet Card
গ. Modem ঘ. Net Connector

উত্তর: ক ব্যাখ্যা: Local Area Network বা LAN হলো একটি কম্পিউটার নেটওয়ার্ক যা বাড়ি, বিদ্যালয়, ল্যাবরেটরি, অফিস প্রভৃতির মধ্যে আন্তঃসংযোগ স্থাপন করে। এই নেটওয়ার্ক স্থাপনের জন্য LAN কার্ডের প্রয়োজন হয়। LAN কার্ডের অপর নাম Network Interface Card.

**৩৪. কোন দুটি মূল স্বরধ্বনি নয়?**

ক. ঐ, ঔ খ. ঐ, অ
গ. আ, ঔ ঘ. ই, ঔ

উত্তর: ক ব্যাখ্যা: বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি ৭টি। যথা: অ, আ, ই, উ, এ, ও, অ্যা। অন্যদিকে বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটি বর্ণ ঐ (অ + ই) এবং ঔ (অ + উ)

**৩৫. বাংলাদেশের সর্বপ্রথম জাদুঘর কোনটি?**

ক. মুক্তিযোদ্ধা জাদুঘর খ. সোনারগাঁও জাদুঘর
গ. বরেন্দ্র জাদুঘর ঘ. জাতীয় জাদুঘর

উত্তর: গ ব্যাখ্যা: বাংলাদেশের সর্বপ্রথম জাদুঘর বরেন্দ্র গবেষণা জাদুঘর। এটি রাজশাহী জেলায় অবস্থিত। বরেন্দ্র গবেষণা জাদুঘরটি পরিচালনা করে রাজশাহী বিশ্ববিদ্যালয়।

| জাদুঘরের নাম | অবস্থান | প্রতিষ্ঠাকাল |
|---|---|---|
| বরেন্দ্র গবেষণা জাদুঘর | রাজশাহী | ১৯১০ |
| জাতীয় জাদুঘর | শাহবাগ, ঢাকা | ১৯১৩ |
| মুক্তিযুদ্ধ জাদুঘর | আগারগাঁও, ঢাকা | ১৯৯৬ |
| লোক ও কারুশিল্প জাদুঘর | সোনারগাঁও, নারায়নগঞ্জ | ১৯৮১ |

**৩৬. Synonym of 'defraud'-**

ক. debunk খ. fraudulently
গ. None of them ঘ. defray

উত্তর: গ ব্যাখ্যা: Defraud অর্থ প্রতারণা করা। যার সমার্থক এখানে নেই।

**৩৭. The synonym of 'Futile' is-**

ক. Vain খ. Trifling
গ. Useless ঘ. Fruitless

উত্তর: গ ব্যাখ্যা: Futile (ব্যর্থ) এর সমার্থক Useless (ব্যর্থ)।

**৩৮. Who wrote the book 'Paradise Regained'?**

ক. John keats খ. William Blake
গ. P.B. Shelley ঘ. John Milton

উত্তর: ঘ

**৩৯. দুটি সংখ্যার যোগফল ১৭ এবং গুণফল ৭২। ছোট সংখ্যাটি কত?**

ক. ৯ খ. ৮
গ. ৬ ঘ. কোনটিই নয়

উত্তর: খ ব্যাখ্যা: মনে করি,
বড় সংখ্যা a
ছোট সংখ্যা b
প্রশ্নমতে,
a+b = ১৭ .... (i)
ab = ৭২ .......(ii)
আমরা জানি,
$(a-b)^2 = (a+b)^2 - 4ab$
$= (১৭)^2 - ৪ \times ৭২$
= ২৮৯ – ২৮৮
$(a-b)^2 = ১$
$(a-b) = \sqrt{১} = ১$ ..... (iii)
a + b = ১৭
(+) করে a – b = ১
2a = ১৮
$a = \frac{১৮}{২} = ৯$
∴a এর মান (i) নং এ বসিয়ে পাই,
৯+b = ১৭
b = ১৭ – ৯ = ৮ ∴b = ৮

**৪০. He requested that he might be allowed to come in. Chich of the following is the correct direct speech?**

ক. He asked, "Let me allow to come in."
খ. He said, "Let me to come in/"
গ. He said, "May I come in."
ঘ. He requested me, "Let him allowed to come in."

উত্তর: গ

**৪১. Choose the word that replaces best the underlined word in the sentence. 'Colonialism has engendered diverse effects around the world'**

ক. paralysed খ. entrusted
গ. caused ঘ. betrayed

উত্তর ✓ গ ব্যাখ্যা এখানে engendered কে caused দিয়ে replace করা যায়।

**৪২. কোনটি সঠিক?**

ক. একাত্তরের দিনগুলি (উপন্যাস) খ. গোরা (নাট্যগ্রন্থ)
গ. বিদ্রোহী (কাব্যগ্রন্থ) ঘ. পথের দাবী (উপন্যাস)

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'একাত্তরের দিনগুলি' (১৯৮৬) জাহানারা ইমামের মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিচারণমূলক গ্রন্থ। 'গোরা' (১৯০১) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের রাজনৈতিক উপন্যাস। 'বিদ্রোহী' (১৯২২) জাতীয় কবি কাজী নজরুল ইসলামের 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থের দ্বিতীয় কবিতা। 'পথের দাবী' (১৯২৬) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের রাজনৈতিক উপন্যাস, যা ব্রিটিশ সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয় ১৯২৬ সালে।

**৪৩. অধ্যাদেশ প্রণয়ন ও জারি করতে পারে কে?**

ক. স্পিকার খ. প্রধানমন্ত্রী
গ. রাষ্ট্রপতি ঘ. প্রধান বিচারপতি

উত্তর ✓ গ ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানের ৯৩ অনুচ্ছেদে অধ্যাদেশ প্রণয়ন ও জারির ক্ষমতা রাষ্ট্রপতিকে দেয়া হয়েছে। সংসদ ভেঙ্গে যাওয়া অবস্থায় অথবা সংসদ অধিবেশনে না থাকলে জরুরি প্রয়োজনে রাষ্ট্রপতি অধ্যাদেশ জারি করতে পারেন। অধ্যাদেশ জারির পর অনুষ্ঠিত সংসদের প্রথম বৈঠকে অধ্যাদেশটি উপস্থাপন করতে হয় এবং উপস্থাপনের ত্রিশ দিনের মধ্যে সংসদ কর্তৃক অনুমোদিত না হলে তা অকার্যকর হয়ে যায়।

**৪৪. নিচের কোন শব্দে 'ণ'-এর ভুল প্রয়োগ রয়েছে?**

ক. চাণক্য খ. মাণিক্য
গ. গণ ঘ. ক্রন্দণ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না। এক্ষেত্রে 'ন' হয়। যেমন: সর্বনাম, ত্রিনয়ন, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, পরনিন্দা ইত্যাদি। আবার ত-বর্গীয় বর্ণের সঙ্গে কখনো মূর্ধন্য 'ণ' হয় না, সবসময় 'ন' হয়। যেমন: অন্ত, গ্রন্থ, ক্রন্দন। চাণক্য, মাণিক্য, গণ শব্দে স্বভাবতই 'ণ' হয়।

**৪৫. 'মরি মরি! কি সুন্দর প্রভাতের রূপ'– বাক্যে 'মরি মরি' কোন শ্রেণির অব্যয়?**

ক. অনুকার খ. সমন্বয়ী
গ. অনন্বয়ী ঘ. পদান্বয়ী

উত্তর ✓ গ ব্যাখ্যা যে সকল অব্যয় বাক্যের অন্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমন: মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ! (উচ্ছ্বাস প্রকাশে)। কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না (ঘৃণা বা বিরক্তি প্রকাশে)।

**৪৬. Who is the writer of Treasure Island?**

ক. J. Miltor খ. Homer
গ. Stevenson ঘ. Byron

উত্তর গ

**৪৮. Which of the following sentence is correct?**

ক. The rich is not always happy
খ. The rich did not happy always
গ. The rich are not always happy
ঘ. The riches is not always happy

উত্তর ✓ গ ব্যাখ্যা এখানে The rich দ্বারা সকল ধনীদের বোঝানো হয়েছে এবং তা common Noun হিসেবে ব্যবহৃত হয়েছে।

**৪৭. নির্মাতা ও খুচরা বিক্রেতা উভয় ২০% লাভে একটি জিনিস বিক্রয় করে, যদি ঐ জিনিসের নির্মাণ খরচ ২০০ টাকা হয় তবে খুচরা মূল্য কত?**

ক. ১৪৪ টাকা খ. ২৮৮ টাকা
গ. ৩০০ টাকা ঘ. ১২০ টাকা

উত্তর ✓ খ ব্যাখ্যা

$$\text{নির্মাতার বিক্রয়মূল্য} = \frac{১০০+\text{লাভ}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$$

$$= \frac{১০০+২০}{১০০} \times ২০০$$

$$= \frac{১২০}{১০০} \times ২০০ = ২৪০ \text{ টাকা}$$

প্রশ্নমতে,
নির্মাতার বিক্রয়মূল্য = খুচরার ক্রয়মূল্য

$$\therefore \text{খুচরার বিক্রয়মূল্য} = \frac{১০০+\text{লাভ}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$$

$$= \frac{১০০+২০}{১০০} \times ২৪০$$

$$= \frac{১২০}{১০০} \times ২৪০ = ২৮৮ \text{ টাকা}$$

**৪৯. 'বিদিত' শব্দটির বিপরীত শব্দ কোনটি?**

ক. গৃহীত খ. বিদীর্ণ
গ. বিসর্জন ঘ. অজ্ঞাত

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'বিদিত' শব্দের অর্থ অবগত বা পরিজ্ঞাত। এর বিপরীত শব্দ অজ্ঞাত।

**৫০. একটি ত্রিভুজাকৃতি জমির ভূমি ৭৫ মিটার এবং উচ্চতা ২০ মিটার। প্রতি বর্গমিটারে ২.০০ টাকা হিসেবে ঘাস লাগাতে কত খরচ হবে?**

ক. ১২৫০ টাকা খ. ১৫০০ টাকা
গ. ১৪০০ টাকা ঘ. ১৬০০ টাকা

উত্তর ✓ খ ব্যাখ্যা

$$\text{ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{১}{২} \times \text{ভূমি} \times \text{উচ্চতা}$$

$$= \frac{১}{২} \times ৭৫ \times ২০$$

$$= ৭৫০ \text{ বর্গমিটার}$$

ঘাস লাগাতে খরচ হবে = (৭৫০ × ২) = ১৫০০ টাকা

**৫১. The right Bangla translation of 'He came of with flying colours.'**

ক. বিজয়ের গৌরব নিয়ে তিনি উড়ে এসেছিলেন
খ. তিনি রং ছিটাতে ছিটাতে এসেছিলেন
গ. তিনি উড়ন্ত রং নিয়ে এসেছিলেন
ঘ. তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Come of with flying colours এর অর্থ সাফল্য বা বিজয় অর্জন করে নিয়ে আসা।

**৫২. লেজার রশ্মি কে, কত সালে আবিষ্কার করেন?**

ক. হাইগ্যান, ১৯৬১ খ. মাইম্যান, ১৯৬০
গ. বোর, ১৯৬৩ ঘ. রাদারফোর্ড, ১৯১৯

উত্তর ✓ খ ব্যাখ্যা লেজার যন্ত্রের মাধ্যমে আলোক তরঙ্গকে কোন স্ফটিকের মধ্য দিয়ে চালনা করা হলে উদ্দীপিত নিঃসরণ ঘটে এবং অতি শক্তিশালী সুসংগত আলোক রশ্মি নিঃসরিত হয়, যা লেজার রশ্মি নামে পরিচিত। বিজ্ঞানী মাইম্যান ১৯৬০ সালে লেজার রশ্মি আবিষ্কার করেন। এ রশ্মি অত্যধিক লক্ষ্যভেদী, সুসঙ্গত, একক রঙের এবং তীব্র শক্তিসম্পন্ন একগুচ্ছ আলো।

LASER এর পূর্ণ রূপ- Light Amplification by Stimulated Emission of Radiation.

**৫৩. 'অপমানের চেয়ে মৃত্যু শ্রেয়'- কোনটি সঠিক অনুবাদ?**

ক. Death is Preferable than dishonour

খ. Death is more better then dishonour

গ. Death is Preferable to dishonour

ঘ. Death is more Preferable to dishonour

উত্তর গ ব্যাখ্যা Preferable এর পরে Preposition "to" ব্যবহৃত হয়।

**৫৪. যদি a : b = 3 : 2 এবং b : c = 7 : 6 হয়, তবে c : a = কত?**

ক. 2 : 6 খ. 3 : 7

গ. 2 : 7 ঘ. 4 : 7

উত্তর ঘ ব্যাখ্যা a:b = 3:2 = 21:14 [7 দ্বারা গুণ করে]

b:c = 7:6 = 14:12 [2 দ্বারা গুণ করে]

∴a:b:c = 21:14:12

∴c:a = 12:21 [3 দ্বারা ভাগ করে]

= 4:7

**৫৫. 'জায়া ও পতি' সমাস করলে কি হয়?**

ক. পতি-পত্নী খ. দম্পতি

গ. জায়া-পতি ঘ. স্বামী-স্ত্রী

উত্তর খ ব্যাখ্যা দ্বন্দ্ব সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের সমান প্রাধান্য থাকে। আর একশেষ দ্বন্দ্ব সমাসে অন্যান্য পদের বিলুপ্তি ঘটিয়ে প্রথম পদটির সঙ্গে শেষ পদটির সামঞ্জস্য রচিত হয়। সুতরাং জায়া ও পতি = দম্পতি একশেষ দ্বন্দ্ব সমাসের উদাহরণ।

**৫৬. নিচের কোনটি মৌলিক সংখ্যা?**

ক. ৭২ খ. ৬৩

গ. ৮৭ ঘ. কোনোটিই নয় উত্তর ঘ

**৫৭. মুক্তা হল ঝিনুকের-**

ক. খোলসের টুকরা খ. চোখের মণি

গ. প্রদাহের ফল ঘ. জমাট হরমোন

উত্তর গ ব্যাখ্যা ছোট্ট কোনো জলজ জীব বা কোন বালুকণা হঠাৎ করে ঝিনুকের মধ্যে ঢুকে গেল। ঝিনুক তখন ঐ ছোট্ট জীব বা বালুকণাটির চারপাশে একটি থলের মতো অংশ তৈরি করে ফেলে। সেই সঙ্গে ঝিনুকটির নিজস্ব কিছু রাসায়নিক পদার্থ সেখানে জমা হতে থাকে। থলেটিও দিনে দিনে বেড়ে উঠে। এভাবেই একসময় তৈরি হয় মুক্তা। তাই মুক্তা হলো ঝিনুকের প্রদাহের ফল।

**৫৮. একটি ছাত্রাবাসে ৩০ জন ছাত্রের ৩২ দিনের খাদ্য আছে। কয়েকজন নতুন ছাত্র আসায় ২০ দিনে ঐ খাদ্য শেষ হলে নতুন ছাত্রের সংখ্যা কত?**

ক. ২০ জন খ. ৩৩ জন

গ. ২৭ জন ঘ. কোনোটিই নয়

উত্তর ঘ ব্যাখ্যা

৩২ দিনের খাবার আছে ৩০ জনের

১ " " " = ৩২ × ৩২ "

২০ " " " $= \frac{৩০ \times ৩২}{২০}$ "

= ৪৮ জনের

নতুন ছাত্রের সংখ্যা = ৪৮ – ৩০ = ১৮ জন।

**৫৯. Change the narration : he said to me, "Let us go home together."**

ক. He urged me to go home with him

খ. He proposed to me to go home together

গ. He proposed to me that we should go home together

ঘ. He asked me to go home together

**৬০. একটি গণিতের বই প্রকৃত মূল্যের শতকরা ৮০ ভাগ মূল্যে ... টাকায় বিক্রয় হলো? বইটির প্রকৃত মূল্য কত?**

ক. ৮০ খ. ৯০

গ. ৭২ ঘ. ৯৬

উত্তর খ ব্যাখ্যা প্রকৃত মূল্য $= \frac{১০০ \times বিক্রয়মূল্য}{শতকরা মূল্য}$

$= \frac{১০০ \times ৭২}{৮০}$

= ৯০ টাকা

**৬১. Fill in the blanks : His illness is a mere pretext ... his absence.**

ক. for খ. of

গ. with ঘ. to

উত্তর ক ব্যাখ্যা Pretext for অর্থ অজুহাত।

**৬২. 'মান্দারিন' কোন দেশের ভাষা?**

ক. চীন খ. জাপান

গ. থাইল্যান্ড ঘ. ভিয়েতনাম

উত্তর ক ব্যাখ্যা পৃথিবীর সবচেয়ে বেশি মানুষ মান্দারিন ভাষায় কথা বলে।

| দেশ | প্রধান ভাষা |
|---|---|
| চীন | চীনা বা মান্দারিন |
| জাপান | জাপানিজ |
| থাইল্যান্ড | থাই |
| ভিয়েতনাম | ভিয়েতনামিজ |

**৬৩. Identify the correct passive form of 'He is going to open a shop.'**

ক. A shop is going to be opened by him

খ. He is being gone to open a shiop

গ. A shop is being gone opened by him

ঘ. A shop will be opened by him

**৬৪. 'ঠাকুর' পরিবারের আসল পদবি ছিল-**

ক. ঘোষ খ. কুশারী

গ. মুখোপাধ্যায় ঘ. শাস্ত্রী

উত্তর খ ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুর কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতামহ প্রিন্স দ্বারকানাথ ঠাকুর। পিরালি ব্রাহ্মণ হলেও ঠাকুর পরিবারের আসল পদবি ছিল 'কুশারী'।

**৬৫. 'সানফ্লাওয়ার' কার বিখ্যাত চিত্রকর্ম?**

ক. পাবলো পিকাসো খ. লিওনার্দ দ্যা ভিঞ্চি

গ. মাইকেল এঞ্জেলো ঘ. ভিনসেন্ট ভ্যানগগ

উত্তর ঘ ব্যাখ্যা ভিনসেন্ট ভ্যানগগ নেদারল্যান্ডসের বিখ্যাত চিত্রকর। তার বিখ্যাত চিত্রকর্ম 'সানফ্লাওয়ার'। লিওনার্দো দা ভিঞ্চি এবং মাইকেল অ্যাঞ্জেলো ইতালির বিখ্যাত চিত্রকর। পাবলো পিকাসো স্পেনের চিত্রকর।

**৬৬. 'বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর' কোন মন্ত্রণালয়ের অধীন?**

ক. কোনোটিই নয়
খ. বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গ. ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
ঘ. প্রধানমন্ত্রীর কার্যালয়

উত্তর ✓ ক ব্যাখ্যা বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তর বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি সংস্থা, যা দেশে আবহাওয়া বিষয়ক কার্যক্রম পরিচালনা করে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ঢাকার আগারগাঁও এ অবস্থিত। এর ইংরেজি নাম Bangladesh Meteorological Department (BMD).

**৬৭. অনুপাত কী?**

ক. একটি মৌলিক সংখ্যা　　খ. একটি ভগ্নাংশ
গ. একটি বেজোড় সংখ্যা　　ঘ. একটি পূর্ণসংখ্যা　　উত্তর খ

**৬৮. কোন শহরের উপনাম 'বিগ আপেল'?**

ক. মস্কো　　খ. ক্যানবেরা
গ. নিউইয়র্ক　　ঘ. ওটোয়া

উত্তর ✓ গ ব্যাখ্যা আয়তনে পৃথিবীর বৃহত্তম শহর 'নিউইয়র্ক সিটি' মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যে অবস্থিত। এই শহরের আয়তন ৪৬৮.৪৮ বর্গ মাইল। নিউইয়র্ক সিটির কিছু উপনাম হচ্ছে The Big Apple, Capital of the world, Gotham ইত্যাদি। এই শহরে জাতিসংঘের সদর দপ্তর অবস্থিত।

**৬৯. ১, ৩, ৬, ১০, ১৫, ২১, ........ ধারার দ্বাদশ পদ কত?**

ক. ৬২　　খ. ৬৬
গ. ৭৮　　ঘ. ৫৫

উত্তর ✓ গ ব্যাখ্যা

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 1 | 3 | 6 | 10 | 15 | 21 | 28 | 36 | 45 | 55 | 66 | 78 |
| ব্যবধান | | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 |

**৭০. কোন রাষ্ট্রটি 'গ্রুপ অব সেভেন'-এর সদস্য নয়?**

ক. কানাডা　　খ. ভারত
গ. জাপান　　ঘ. ইতালি

উত্তর ✓ খ ব্যাখ্যা Group of 7 বা G-7 বিশ্বের শিল্পোন্নত ৭ টি দেশের জোট। এটি প্রতিষ্ঠিত হয় ১৫ নভেম্বর ১৯৭৫ সালে। G-7 এর সদস্য দেশগুলো হচ্ছে- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান ও কানাডা। G-7 এর লক্ষ্য ও উদ্দেশ্য হল সদস্য দেশগুলোর পারস্পরিক অর্থনৈতিক সহযোগিতা।

**৭১. What is catastrophe?**

ক. The comic and tragic end of the play
খ. None of the above
গ. The comical end of dramatic events
ঘ. The tragic end of dramatic events

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Catastrophe হচ্ছে কোনো নাটকীয় ঘটনার করুণ পরিণতি।

**৭২. Fill in the blanks : He is quite ..... in dealing with people.**

ক. impotent　　খ. unstable
গ. imprudent　　ঘ. diplomatic　　উত্তর ঘ

**৭৩. সঙ্গীত শিল্পী আব্বাসউদ্দিন আহমেদ কত সালে জন্মগ্রহণ করেন?**

ক. ১৯১০　　খ. ১৯১৭
গ. ১৮৮৯　　ঘ. ১৯০১

উত্তর ✓ ঘ ব্যাখ্যা বিখ্যাত লোকসঙ্গীত শিল্পী আব্বাসউদ্দিন আহমেদ ২৭ অক্টোবর ১৯০১ সালে পশ্চিমবঙ্গের কুচবিহারে জন্মগ্রহণ করেন। তিনি মৃত্যুবরণ করেন ৩০ ডিসেম্বর ১৯৫৯ সালে। আব্বাসউদ্দিন আহমেদ রচিত একমাত্র আত্মজীবনীমূলক গ্রন্থ- 'আমার শিল্পী জীবনের কথা'।

**৭৪. 'মৃন্ময়' শব্দের সন্ধি বিচ্ছেদ-**

ক. মৃত + ময়　　খ. মৃদ + ময়
গ. মৃৎ + ময়　　ঘ. মৃন্ + ময়

উত্তর ✓ গ ব্যাখ্যা মৃৎ + ময় = মৃন্ময়; এটি ব্যঞ্জন সন্ধির উদাহরণ। কয়েকটি গুরুত্বপূর্ণ ব্যঞ্জনসন্ধি: অহম্ + কার = অহংকার; প্রিয়ম্ + বদা = প্রিয়ংবদা; ষট্ + ঋতু = ষড়ঋতু; মুড্ + অক = মোড়ক; সম্ + গীত = সংগীত; সম্ + বাদ = সংবাদ; ষট্ + আনন = ষড়ানন; দিক্ + অন্ত = দিগন্ত; উৎ + শ্বাস = উচ্ছ্বাস।

**৭৫. 'সুরঞ্জনা ওইখানে যেও নাকো তুমি'- কোন কবি এ কথা বলেছিলেন?**

ক. কামিনী রায়　　খ. সুকান্ত ভট্টাচার্য
গ. বুদ্ধদেব বসু　　ঘ. জীবনানন্দ দাশ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা উক্ত চরণটি জীবনানন্দ দাশের 'সাতটি তারার তিমির' কাব্যগ্রন্থের 'আকাশলীনা' কবিতার অন্তর্গত। এ কাব্যগ্রন্থের উল্লেখযোগ্য কবিতা: ঘোড়া, নাবিক, রাত্রি, হাঁস, তিমির হননের গান, বিস্ময়, নাবিকী, দীপ্তি, সূর্যপ্রতিম।

**৭৬. What is the masculine form of 'Bee'?**

ক. Stage　　খ. Colt
গ. Hart　　ঘ. Drone

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Bee (স্ত্রী মৌমাছি) এর পুংলিঙ্গ হচ্ছে Drone (পুং মৌমাছি)।

**৭৭. 'The spirit of Islam' বইটির লেখক কে?**

ক. মীর মশাররফ হোসেন　　খ. হাজী শরীয়তুল্লাহ
গ. সৈয়দ মঞ্জুরুল ইসলাম　　ঘ. সৈয়দ আমীর আলী

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং আইনশাস্ত্রের গবেষণায় অগাধ পাণ্ডিত্যের অধিকারী সৈয়দ আমীর আলীর (১৮৪৯-১৯২৯) উল্লেখযোগ্য গ্রন্থ: Spirit of Islam; History of the Saracens; Ethics of Islam, Mahomedan Law; A Commentary on the Bengal Tenancy Act প্রভৃতি। 'দ্যা স্পিরিট অফ ইসলাম' বইটি পরবর্তীকালে বৃটিশ শাসনের সময় ভারতের আইনে মুসলিম আইন প্রবর্তন করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিল।

**৭৮. 'দম্পতি' কোন সমাস?**

ক. অব্যয়ীভাব　　খ. দ্বন্দ্ব
গ. কর্মধারয়　　ঘ. তৎপুরুষ

উত্তর ✓ খ ব্যাখ্যা দ্বন্দ্ব সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে। আর যে দ্বন্দ্ব সমাসে সমস্যমান পদগুলির একটিমাত্র পদ অবশিষ্ট থাকে, তাকে একশেষ দ্বন্দ্ব সমাস বলে। যেমন: জায়া ও পতি = দম্পতি।

**৭৯. 'একাদশে বৃহস্পতি'-এর অর্থ কী?**

ক. আশার কথা　　খ. সৌভাগ্যের বিষয়
গ. মজা পাওয়া　　ঘ. আনন্দের বিষয়　　উত্তর খ

**৮০. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ৭.৫ ফুট হলে, বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল কত?**

ক. ১২.৭২৫ বর্গফুট　　খ. ২৮.১২৫ বর্গফুট
গ. ৩৬.৫০ বর্গফুট　　ঘ. ৯.৩৭৫ বর্গফুট

উত্তর ✓ খ ব্যাখ্যা আমরা জানি, কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{2}\,a$

প্রশ্নমতে, $\sqrt{2}\,a = ৭.৫$

$\Rightarrow a = \frac{৭.৫}{\sqrt{2}} = ৫.৩০৩$

$\therefore$ বর্গের ক্ষেত্রফল $= a^2 = (৫.৩০৩)^2 = ২৮.১২৫$ বর্গ ফুট